

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ১৩টি প্রতিষ্ঠানকে ১.১৭ লক্ষ টাকা জরিমানা

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৬ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, মৌলভীবাজার ও পাবনায় ৪ জুলাই ২০১৬ তারিখে বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক মোঃ আবদুল মজিদের নেতৃত্বে ঢাকা মহানগরীর রমনা এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে স্কাইলার্ককে ২০,০০০/- (বিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভীর নেতৃত্বে ঢাকা মহানগরীর রমনা এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে শ্রিনগর বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডার ও মোহাম্মদীয়া রেস্টুরেন্টকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আবদুল্লাহ আল মাসুমের নেতৃত্বে ঢাকা মহানগরীর লালবাগ ও নিউমার্কেট এলাকায় মেয়াদ উত্তীর্ণ গুঁষধ বিক্রয় ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে নিউ রহমানিয়া ফার্মেসী ও গাউসিয়া পার্ক হোটেল এন্ড রেস্টুরেন্টকে যথাক্রমে ৮,০০০/- (আট হাজার) টাকা ও ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকাসহ মোট ৫৮,০০০/- (আটান্ন হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর মতিঝিল এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও পরিমাপে কারচুপির অপরাধে এশিয়া গার্ডেন রেস্টুরেন্ট ও সুমন ফল ঘরকে যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার) টাকা ও ৫০০/- (পাঁচশত) টাকাসহ মোট ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে মৌলভীবাজার সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকা এবং পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে পাবনা সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

গত ৪ জুলাই ২০১৬ তারিখে ৬টি বাজার তদারকিতে ১৩টি প্রতিষ্ঠানকে মোট ১,১৭,৫০০/- (এক লক্ষ সতের হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, ক্যাব ও ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, সিলেট ও রাজশাহী মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, মৌলভীবাজার ও পাবনা।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, মৌলভীবাজার ও পাবনা।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।